



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি।

স্মারক নম্বর- ৪৬.২০৩.৯৩৪৭.৬৩.০৬.০০১.২২

(৬০১)

তারিখঃ ০৫/০৯/২০২১ ইং

নোটিশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০৯ সেপ্টেম্বর ২০২১ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১১.৩০ ঘটিকার সময় কালিহাতি উপজেলা পরিষদের 'জনস্বাস্থ্য স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ' সম্পর্কিত কমিটির সভা উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জনাব মো: আখতারুজ্জামান এর সভাপতিত্বে তার অফিস কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচীঃ

- ১। গত সভার কার্যবিবরণী পাঠ।
- ২। পানি বিশুদ্ধকরণ সম্পর্কিত আলোচনা।
- ৩। বিবিধ।

প্রাপক

.....
.....

কালিহাতি, টাঙ্গাইল।

(মো: গাজিউর রহমান)
উপ-সহকারী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
ও

সদস্য সচিব

জনস্বাস্থ্য স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ সম্পর্কিত উপজেলা কমিটি
কালিহাতি, টাঙ্গাইল।

অনুলিপি :

- ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, কালিহাতি, টাঙ্গাইল।
- ৩। অফিস কপি।

জনস্বাস্থ্য স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ সম্পর্কিত উপজেলা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মো: আখতারুজ্জামান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল।
সভার তারিখ : ০৯/০৯/২০২১ ইং
সময় : সকাল ১১.৩০ টা
সভার স্থান : ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিহাতি এর অফিস কক্ষ।
উপস্থিত সদস্যবৃন্দ : পৃথকভাবে সংরক্ষিত।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কালিহাতিতে সভা পরিচালনা করার অনুরোধ করেন। অতপর গত সভার কার্যপত্রে কোন সংশোধনী আছে কিনা জানতে চান এবং কোন সংশোধনী না থাকায় আলোচ্য সূচী অনুযায়ী নিম্নবর্ণিতভাবে অদ্যকার সভার কার্যক্রম শুরু করেন।

১। জনাব মো: শুকুর মামুদ, চেয়ারম্যান, নারান্দিয়া ইউনিয়ন পরিষদ, কালিহাতি সভায় বলেন, অত্র উপজেলায় চলতি বন্যায় এলাকার প্রায় বেশির ভাগ নলকুপগুলোই পানিতে তলিয়ে গেছে। এতে করে বিশুদ্ধ পানির অভাব দেখা দিচ্ছে এবং পানি বাহিত বিভিন্ন রোগের প্রাদুর্ভাব দেখা দেওয়া সম্ভাবনা রয়েছে। তাই জরুরি ভিত্তিতে বন্যা কবলিত এলাকায় বিশুদ্ধ পানি সরবরাহের লক্ষ্যে জনগণের মাঝে পানি বিশুদ্ধ করণ ট্যাবলেট বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।

২। সভাপতি, জনস্বাস্থ্য স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ সম্পর্কিত উপজেলা কমিটি, কালিহাতি সভায় বলেন, অত্র উপজেলায় বন্যা কবলিত এলাকায় পানি কিভাবে বিশুদ্ধ করা যায় তার জন্য বাড়ি বাড়ি গিয়ে মানুষকে হাতে কলমে দেখিয়ে দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কালিহাতিতে তাগিদ প্রদান করেন।

সিদ্ধান্তসমূহ :

১। বন্যা কবলিত এলাকায় পানি বিশুদ্ধ করণ ট্যাবলেট সরবরাহসহ পানি বিশুদ্ধ করণের প্রক্রিয়া শিখিয়ে দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত।

অদ্যকার সভার অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যদের ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মো: আখতারুজ্জামান)

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ

ও

সভাপতি

জনস্বাস্থ্য স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ সম্পর্কিত উপজেলা কমিটি
কালিহাতি, টাঙ্গাইল।

স্মারক নম্বর: ৪৬.২০৩.৯৩৪৭.০৬৩.০৬.০০১.২২ ৬০৬

তারিখঃ ১২/০৯/২০২১ ইং

অনুলিপি:

- ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, কালিহাতি, টাঙ্গাইল।
- ৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল।
- ৪। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল।
- ৫। অফিস নথি।





উপ-সহকারী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
ও

সদস্য সচিব

জনস্বাস্থ্য স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ সম্পর্কিত উপজেলা কমিটি
কালিহাতি, টাঙ্গাইল।

জনস্বাস্থ্য স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ সম্পর্কিত উপজেলা কমিটি'র সভায় হাজিরা :

তারিখ :-০৯-০৯-২০২১খ্রি:

ক্রঃ নং	পদবী ও ঠিকানা	কমিটিতে পদবী	স্বাক্ষর
০১	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিহাতি	সভাপতি	
০২	মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিহাতি	সদস্য	
০৩	চেয়ারম্যান, নারান্দিয়া ইউনিয়ন পরিষদ, কালিহাতি	সদস্য	
০৪	চেয়ারম্যান, বীরবাসিন্দা ইউনিয়ন পরিষদ, কালিহাতি	সদস্য	
০৫	উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কালিহাতি, টাঙ্গাইল।	সদস্য সচিব	